যুগান্তর

তারিখ 02 APR 2015
পৃষ্ঠা 2 কলাম 5

নকল সরবরাহে বাধা

# টঙ্গীতে পুলিশ পেটালেন ছাত্রলীগ নেতারা

**স্টাফ রিপোর্টার, টঙ্গী**

এইচএসসি পরীক্ষায় ছাত্রলীগ নেতাকে নকল সরবরাহে বাধা দেয়ায় কেন্দ্রে দায়িত্বরত পুলিশের ওপর হামলা চালান ছাত্রলীগ নেতারা। বুধবার দুপুরে টঙ্গী সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজ এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগ টঙ্গী সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র আমির রায়হানকে আটক করেছে টঙ্গী থানা পুলিশ। সে কলেজগেট এলাকার রফিকুল ইসলামের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, টঙ্গী সরকারি কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মো. রাশেদুল ইসলাম টিটু পরীক্ষা কেন্দ্রে জোর করে ঢুকতে গেলে গাজীপুর পুলিশ লাইনের কনস্টেবল শহিদুল ইসলাম বাধা দেন। এতে ওই ছাত্রলীগ নেতা ক্ষিপ্ত হয়ে তার সহযোগী কলেজ শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক টিটু চন্দ্র শীল, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক আমিনুল ইসলাম, সদস্য আমিরুল, আফজাল হোসেন বাবু, আশিকুল রহমানকে খবর দিলে তারা এসে পুলিশ সদস্যকে এলোপাতাড়ি মারধর করতে থাকেন। এতে পুলিশ সদস্যের নাক দিয়ে রক্ত পড়তে থাকলে স্থানীয় ক্লিনিকে নিয়ে চিকিৎসা দেয়া হয়। খবর পেয়ে টঙ্গী থানা পুলিশ তাকে উদ্ধার করে।

ছাত্রলীগ নেতারা হামলা করেও মামলা থেকে রেহাই পেতে একে অপরের ওপর দোষ চাপিয়ে অভিযুক্ত সবাই নিজেদের নির্দোষ দাবি করেন। ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম টিটু অভিযোগ অস্বীকার করে বলেন, 'আমার সঙ্গে পুলিশের কোনো ঝগড়া বা ঝামেলা হয়নি। ছোট ভাইদের সঙ্গে ওই পুলিশ সদস্যের ভুল বোঝাবুঝি হয়েছিল। খবর পেয়ে আমি, ছাত্রলীগের কলেজ শাখার সাধারণ সম্পাদক আদিম ও প্রিন্সিপাল স্যার গিয়ে বিষয়টি মীমাংসা করে দিয়েছি।'

টঙ্গী মডেল থানার ওসি মো. ইসমাইল হোসেন বলেন, 'পুলিশ কনস্টেবলের ওপর হামলার ঘটনায় একজনকে আটক করেছি। অন্যদের আটকের চেষ্টা চলছে। জড়িত কাউকে ছাড় দেয়া হবে না।'

টঙ্গী সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. সিরাজুল ইসলাম বলেন, 'পুলিশের ওপর হামলা করা দুঃখজনক বিষয়।'